

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৪০  
কমলপুর, ৯ মে, ২০২৪

কমলপুর মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

কমলপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং কমলপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে গতকাল কমলপুর নজরুল ভবনে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী অনুষ্ঠান উদযাপন করা হয়। এছাড়া কমলপুর টাউন হল প্রাঙ্গনে বিশিষ্টজনেরা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব অনিতা ভট্টাচার্য, বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দাস প্রমুখ। কমলপুর নজরুল ভবনে আয়োজিত হয় রবীন্দ্র নৃত্য, সংগীত ও আবৃত্তি অনুষ্ঠান।

\*\*\*\*\*